সংবাদ

014

তারিখ ... 18.5.81 ...
পৃষ্ঠা ... 8 কলাম 7 ...

# প্রাথমিক শিক্ষা প্রকল্পের কাজ তদারকের জন্যে পরামর্শদাতা কমিটি

(নিজস্ব বার্তা পরিবেশক)

দ্বিতীয় প্রাথমিক শিক্ষা প্রকল্প বাস্তবায়নের কাজ তদারকের জন্য শিক্ষা সচিবকে চেয়ারম্যান করে সম্প্রতি একটি স্থায়ী পরামর্শদাতা কমিটি গঠন করা হয়েছে।

তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার আওতায় ৫ বছর মেয়াদী দ্বিতীয় প্রাথমিক শিক্ষা প্রকল্পের ব্যয় ধরা হয়েছে ৫শ' ৩৫ কোটি টাকা। আগামী ১লা জুলাই থেকে এই প্রকল্পের কাজ শুরু হবে। শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন)-কে দ্বিতীয় প্রাথমিক শিক্ষা প্রকল্পের সমন্বয়কারীর দায়িত্ব দেয়া হয়েছে। এ ছাড়া প্রাথমিক শিক্ষা পরিদপ্তরের মহাপরিচালককে প্রকল্প পরিচালকের দায়িত্ব দেয়া হয়েছে।

মন্ত্রণালয় সূত্রে জানা গেছে যে, প্রাথমিক শিক্ষা প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে গঠিত স্থায়ী পরামর্শদাতা কমিটি প্রয়োজনমত বৈঠক করে কাজের অগ্রগতি পর্যালোচনা ও বিভিন্ন বিষয়ে সুপারিশ প্রণয়ন করবে। শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও প্রকল্প সমন্বয়কারী এই কমিটির আহ্বায়ক হিসেবেও দায়িত্ব পালন করবেন। কমিটির অন্যান্য সদস্য হচ্ছেন প্রাথমিক শিক্ষা পরিদপ্তরের মহাপরিচালক ও প্রকল্প পরিচালক, 'নিয়েয়ার'-এর মহাপরিচালক, ন্যাশনাল কারিকুলাম ও টেক্সট বুক বোর্ড-এর চেয়ারম্যান, শিক্ষা ভবনের ফেসিলিটিস ডিপার্টমেন্টের পরিচালক, শিক্ষা মন্ত্রণালয়ের পরিকল্পনা কোষের প্রধান, প্রজেক্ট মনিটরিং ব্যুরোর পরিচালক, পরিকল্পনা কমিশনের একজন মনোনীত প্রতিনিধি, বহিঃসম্পদ বিভাগের যুগ্ম-সচিব, দাতা সংস্থাসমূহের প্রতিনিধিবৃন্দ, দূর শিক্ষণ ইনস্টিটিউটের পরিচালক এবং ইউএনডিপি ও ইউনিসেফ-এর প্রকল্প [illegible]